

বর্ধমান রাজ কলেজ

পশ্চিমবঙ্গ দিবস উদযাপন সমারোহ

২০ জুন ২০২৬ (শনি বার)

সকাল ১০.৩০ ঘটিকা

বিজ্ঞপ্তি ও অনুষ্ঠান সূচী

বাংলার গৌরবোজ্জ্বল ঐতিহ্য, সমৃদ্ধ সংস্কৃতি এবং রাষ্ট্র গঠনে আমাদের রাজ্যের ঐতিহাসিক অবদানের প্রতি শ্রদ্ধা জানিয়ে "পশ্চিমবঙ্গ দিবস ২০২৬" বর্ধমান রাজ কলেজ প্রাঙ্গণে যথাযোগ্য মর্যাদার সঙ্গে আগামী ২০ জুন ২০২৬ উদযাপিত হতে চলেছে।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি তথা উদ্বোধক হিসাবে উপস্থিত থাকবেন শ্রীমতি মোমিতা বিশ্বাস মিশ্র, মাননীয়া প্রতিমন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার।

সকল শিক্ষার্থী, শিক্ষক, শিক্ষা কর্মী ও মহাবিদ্যালয়ের শুভানুধ্যায়ীদের সক্রিয় উপস্থিতি একান্ত ভাবে কাম্য।

সূচনা পর্ব

- সম্মাননীয় অতিথি, অভ্যাগতদের মঞ্চে আহ্বান
- জাতীয় সঙ্গীত ও জাতীয় গান
- বিধিবদ্ধ ভাবে সম্মাননীয় অতিথি, অভ্যাগতদের বরণ
- প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে সমারোহের আনুষ্ঠানিক শুভ সূচনা
- স্বাগত ভাষণ: ড. বিজয় চাঁদ, ভারপ্রাপ্ত অধ্যক্ষ
- উদ্বোধক তথা প্রধান অতিথির সম্ভাষণ: শ্রীমতি মোমিতা বিশ্বাস মিশ্র, মাননীয়া প্রতিমন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার

সমারোহ পর্ব

- বিশেষ ভাষণ: " অক্ষ ও সাহিত্যের যোগফল: বাংলার অবদান" – ড. সুদীপ্ত সিনহা, সহযোগী অধ্যাপক, গণিত বিভাগ
- বিতর্ক প্রতিযোগিতা: বিষয়- "বর্তমান যুব সমাজে মূল্যবোধের অবক্ষয় দ্বারা ক্লিষ্ট" (পক্ষে ও বিপক্ষে কলেজের শিক্ষার্থীরা বক্তব্য রাখবেন।)
- শিক্ষার্থীদের প্রশ্নোত্তর (কুইজ) প্রতিযোগিতা
- প্রবন্ধ প্রতিযোগিতা: বিষয় – "বাংলার সংস্কৃতি"

সমাপন পর্ব

- সমাপ্তি ভাষণ: ড. বুদ্ধদেব মণ্ডল, সহযোগী অধ্যাপক, প্রাণীবিদ্যা বিভাগ
- সমারোহের আনুষ্ঠানিক সমাপ্তি

নিয়মাবলি:

- বিতর্ক ও প্রশ্নোত্তর (কুইজ) প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক শিক্ষার্থীদের ২০ জুন ২০২৬ সকাল ১০ টায় সভাস্থলে উপস্থিত হতে হবে।
- প্রবন্ধ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক শিক্ষার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে ৫০০ শব্দের ভেতরে কেবল মাত্র বাংলায় স্ব-হস্তে লিখিত মৌলিক রচনা ২০ জুন বেলা ১ টার সময় সভা স্থলে এসে জমা দিতে হবে।
- প্রতিটি প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের যথাযোগ্য ভাবে পুরস্কৃত করা হবে এবং সকল প্রতিযোগীদের শংসাপত্র প্রদান করা হবে।

১৮ জুন ২০২৬

ভারপ্রাপ্ত অধ্যক্ষ, বর্ধমান রাজ কলেজ